

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
গৃহায়ন ভবন  
৮২, সেগুনবাগিচা, ঢাকা।  
www.nha.gov.bd

স্মারক নং- ২৫.৩৮.০০০০.৩০২.১১.০২৮.২৫- ২০৫

তারিখ: ০৫ ফাল্গুন, ১৪৩২  
১৮ ফেব্রুয়ারি, ২০২৬

নিয়োগপত্র


জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ২৮৭ তম বোর্ড সভার ২ নম্বর সিদ্ধান্ত অনুযায়ী অপেক্ষমান তালিকা হতে “অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর” পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডে (৯৩০০-২২৪৯০/-) টাকার স্কেলে নিম্নবর্ণিত প্রার্থীকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং স্থায়ী ঠিকানা	নিজ জেলা
০১	জনাব সুলতানা আক্তার পিতা- মো: জাহাঙ্গীর আলম মাতা- হাসনা বানু স্থায়ী ঠিকানা- গ্রাম/রাস্তা: বাগমারা, ওয়ার্ড নং-২, হোমনা পৌরসভা, ডাকঘর: হোমনা (৩৫৪৬), উপজেলা: হোমনা, জেলা: কুমিল্লা।	কুমিল্লা

নিয়োগের শর্তাবলিঃ

- (১) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- (২) চাকুরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শনো ব্যতিরেকে চাকুরির অবসান ঘটাতে পারবে;
- (৩) তাকে ০৬ (ছয়) মাসের জন্য শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযুক্ত বিবেচিত হন, তবে কোন কারণ দর্শনো ছাড়াই তাকে চাকুরি হতে অপসারণ করা যাবে;
- (৪) শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপন, সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং উক্ত সময়ে তার আচরণ ও কর্ম সন্তোষজনক হলে তাকে চাকুরিতে স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে;
- (৫) শিক্ষানবিশকালে চাকুরি হতে ইস্তফা প্রদানের ক্ষেত্রে ০১ (এক) মাসের পূর্ব নোটিশ অথবা ০১ (এক) মাসের সমপরিমাণ বেতন কর্তৃপক্ষের কোষাগারে জমা প্রদান করতে হবে;
- (৬) যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;
- (৭) চাকুরিতে তাদের জ্যেষ্ঠতা প্রবিধানমালা মোতাবেক নির্ধারিত হবে;
- (৮) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যসনদ রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;
- (৯) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকুরি সংক্রান্ত বিষয়ে ‘জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা/কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৫ এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং কর্তৃপক্ষ ও সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকুরি নিয়ন্ত্রিত হবে;
- (১০) নিয়োগপত্র মেধাক্রম অনুযায়ী প্রকাশিত হয়েছে;
- (১১) চাকুরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

উল্লিখিত শর্তাবলির আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে আগামী ২৫/০২/২০২৬ খ্রি: তারিখে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

  
(মোসা: ফেরদৌসী বেগম)  
চেয়ারম্যান  
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
সেগুনবাগিচা, ঢাকা।  
E-mail: chairman@nha.gov.bd  
ফোন নং-২২৩৩৮২৭৬২

স্মারক নং- ২৫.৩৮.০০০০.৩০২.১১.০২৮.২৫-২০৫/২৬৫

তারিখ: ০৫ ফাল্গুন, ১৪৩২  
২৬ ফেব্রুয়ারি, ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। (অনুলিপি জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সদস্য (প্রশাসন ও অর্থ)/ (প্রকৌশল ও সমন্বয়)/ (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা) / (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৪. উপ-প্রধান স্থপতি, স্থাপত্য শাখা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ঢাকা সার্কেল)/ (রাজশাহী সার্কেল)/ (চট্টগ্রাম সার্কেল)/ (সমন্বয় ও উন্নয়ন)/ (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
৬. সচিব, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৭. নির্বাহী প্রকৌশলী (ঢাকা ডিভিশন-১/২)/ (মিরপুর গৃহসংস্থান বিভাগ-২)/ (পরিকল্পনা ও ডিজাইন ডিভিশন)/ (ই-এম ডিভিশন)/ (চট্টগ্রাম ডিভিশন)/ (সিলেট ডিভিশন)/ (খুলনা ডিভিশন)/ (রাজশাহী ডিভিশন)/ (দিনাজপুর ডিভিশন), জাগৃক।
৮. আইন কর্মকর্তা, আইন কোষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৯. উপ-পরিচালক (অর্থ ও হিসাব)/ (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা-১/২)/ ডুইপ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
১০. প্রোগ্রামার, কম্পিউটার সেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১. উপ-বিভাগীয় প্রকৌশলী (সকল) .....
১২. প্রশাসনিক কর্মকর্তা (এস্টেট) (সকল) .....
১৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।  
(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪. জনাব .....
১৫. অফিস কপি।

(ফকির মুহাম্মদ মুনাওয়ার হোসেন)

পরিচালক

প্রশাসন ও অর্থ

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

সেগুনবাগিচা, ঢাকা।

ই-মেইল: director@nha.gov.bd

ফোন নং- ০২-৯৫৭৬৫১৮